দৈনিক

তারিখ 9 FEB 2017

# অবশেষে ৬৪ হাজার বই পেল রায়পুরের প্রাথমিক শিক্ষার্থীরা

■ রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা

ফলোআপ

গতকাল মঙ্গলবার রায়পুর উপজেলার ২০০টি প্রাথমিক বিদ্যালয়ে ৬৪ হাজার বই শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়। এর আগে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের গোডাউনে ৬৪ হাজার বই পড়ে থাকলেও বইগুলো শিক্ষার্থীদের মাঝে বিতরণ হয়নি। এ নিয়ে দৈনিক ইত্তেফাকে ১৫ নম্বর পৃষ্ঠায় গত ৪ ফেব্রুয়ারি "রায়পুরে প্রাথমিকের শিক্ষার্থীর হাতে নেই সকল বিষয়ের বই" শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। পরে কর্তৃপক্ষের নির্দেশে গোডাউনে থাকা ৬৪ হাজার বই বিতরণ করা হয়। এতে শিক্ষার্থীদের বই সংকট দূর হয়েছে। তবে এখনও ৪র্থ ও ৫ম শ্রেণিতে দু'একটি বিষয়ের বই সংকট রয়েছে বলে জানা যায়।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফাতেমা ফেরদৌসী বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে গোডাউনে থাকা ৬৪ হাজার বই ২শ'টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কাছে পাঠানো হয়েছে। তবে ৪র্থ ও ৫ম শ্রেণিতে দু'একটি বিষয়ের বইয়ের সংকট রয়েছে।